

প্রজেক্ট ব্রীফ

ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও
অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প

ভূমিকা:

ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা মহানগরীর ১২টি থানায় ৩৪২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১৪টি নতুন বিদ্যালয়সহ (উত্তরাতে ০৩টি ও পূর্বাচলে ১১টি) সর্বমোট ৩৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামোগত উন্নয়ন-এর জন্য ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখ একনেকে প্রকল্পটি অনুমোদিত হয়।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

- শতভাগ ভর্তি নিশ্চিত করণ;
- শিশুর মানসিক বিকাশ ঘটানো;
- শিক্ষায় প্রবেশাধিকার, উচ্চ শিক্ষা এবং পরিপূর্ণ উন্নতির ধারাবাহিকতার মাধ্যমে সামাজিক বৈষম্য হ্রাসকরণ;
- প্রায় দুই লক্ষ শিক্ষার্থীর জন্য শিশুবান্ধব শিক্ষা গ্রহণের পরিবেশ নিশ্চিতসহ শিক্ষার মাণ বৃদ্ধিকরণ।
- শিক্ষার সুন্দর পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীর ৩৪২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৫৪টি বিদ্যালয়ের ২৯৭৫টি কক্ষ নতুনভাবে নির্মাণ করা;
- উত্তরাতে ০৩টি ও পূর্বাচলে ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় নতুনভাবে স্থাপন;

প্রকল্পের মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৪

প্রকল্পের বরাদ্দ: মোট বরাদ্দ টাকা ১১৫৯২০.৫৩ লক্ষ। ২০২২-২৩ অর্থ বছরে বরাদ্দ টাকা ২০৫২.৩৫ লক্ষ।

ব্যয়: ২০২২-২০২৩ অর্থ বছরে জুন/২০২৩ পর্যন্ত টাকা ১৯৭০.৬৩ লক্ষ (উনিশ কোটি সত্তর লক্ষ তেষাট শাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। অগ্রগতির হার ৯৬.০১%।

প্রকল্পের প্রধান কার্যক্রম:

- মাটি পরীক্ষাকরণ (সয়েল টেস্ট)
- টপোগ্রাফিক্যাল সার্ভে পরিচালনা
- মাষ্টারপ্ল্যান প্রণয়ন
- আর্কিটেকচারাল ডিজাইন, স্ট্রাকচারাল ডিজাইন, ইলেক্ট্রিক্যাল ডিজাইন ও প্রাথমিক ডিজাইন সম্পন্ন করা
- প্রাক্কলন নির্ধারণ
- ভবন পুণঃ নির্মাণ/মেরামতকরণ, ভিত্তি মজবুতকরণ
- সোর পাইলিং, সীমানা প্রাচীর নির্মাণ/মেরামতকরণ
- বিশুদ্ধ পানি সরবরাহ
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ
- সংযোগ সড়ক নির্মাণ
- মেক শিফট ব্যবস্থা
- চিলড্রেন প্রে কর্ণার
- ড্রেনেজ ব্যবস্থাপনা উন্নীতকরণ
- বিদ্যালয়ের দেয়াল সজ্জাকরণ
- নতুন বিদ্যালয়ের জন্য ভূমি অধিগ্রহণ